

পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটির পক্ষ থেকে এক জরুরি জ্ঞাপন



এবার এখন পর্যন্ত হজযাত্রায় উড়ান বিভ্রাটের কারণ কী

- এয়ার ইন্ডিয়া প্রথম দিন অর্থাৎ ১৭ জুলাই প্রথম উড়ান সঠিক সময়ে ছাড়লেও দ্বিতীয় উড়ানের তিন ঘণ্টা বিলম্ব হয়।
- ১৮ ও ১৯ জুলাই ব্যাপক বিলম্বের জন্য হজযাত্রীরা চরম হয়রানি ও অসুবিধার সম্মুখীন হন। দায়িত্বপ্রাপ্ত হজ বিমানসংস্থা এয়ার ইন্ডিয়া এই বিলম্বের জন্য নানাধরনের যুক্তি প্রদান করে। কিন্তু কখন বিমান আসবে বা কখন ছাড়বে এ সম্পর্কে প্রয়োজনীয় তথ্য রাজ্য হজ কমিটি পায়নি। তবে, হজ কমিটির চেয়ারম্যান ও সংখ্যালঘু দফতরের আধিকারিকরা হজযাত্রীদের এই সমস্যা দূরীকরণে সবসময় সক্রিয় রয়েছেন।
- রাজ্য হজ কমিটির চেয়ারম্যান ও রাজ্য সংখ্যালঘু দফতরের অন্য আধিকারিকরা শুক্রবার এয়ার ইন্ডিয়ার জেনারেল ম্যানেজার ও উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে মদিনাতুল হুজাজে বৈঠক করে হজযাত্রীদের প্রবল হয়রানির কথা তুলে ধরেন।
- শুক্রবার এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ এক বৈঠকে আশ্বাস দিয়েছেন, তাঁরা বিমানবন্দরে হজযাত্রীদের অসুবিধাসমূহ অবিলম্বে দূর করবেন এবং বিমানে অতিরিক্ত বিলম্ব হলে হজযাত্রীদের হোটেল পরিষেবা দেওয়ার দায়িত্ব তাঁরাই পালন করবেন। দিন কয়েকের মধ্যে নির্ধারিত সময়সূচি অনুযায়ী বিমানযাত্রা স্বাভাবিক হবে বলে এয়ার ইন্ডিয়ার শীর্ষকর্তারা আশ্বাস দিয়েছেন।
- মদিনাতুল হুজাজে আগত হজযাত্রীদের সমস্ত ধরনের পরিষেবা প্রদানে কোনও সমস্যা হলে তাৎক্ষণিকভাবে তা দূর করার জন্য রাজ্য হজ কমিটি সবসময় সক্রিয় রয়েছে।
- রাজ্য হজ কমিটির চেয়ারম্যান নাদিমুল হক ইতিমধ্যেই কেন্দ্রীয় হজমন্ত্রী মোকতার আব্বাস নাকভীকে প্রতিবাদ জানিয়ে পত্র লিখেছেন ও অবিলম্বে এ অবস্থার প্রতিকার দাবি করেছেন।

যোগাযোগ করুনঃ ০৩৩-২২৯০৬৬১৭, ০৩৩-২৯৮৬০২৪৯, ১৮০০৩৪৫৭১৫৫,

Whatsapp No.: ৮৩৩৪৯৯১১১১

ধন্যবাদান্তে

পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি

পথ নির্দেশক

